

রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন সিঙ্গাপুরের বাণিজ্য ও শিল্প মন্ত্রী ও উপ-প্রধানমন্ত্রী

13 আগস্ট, 2025

সিঙ্গাপুরের একটি মন্ত্রী পর্যায়ের প্রতিনিধিদল মহামহিম শ্রীমান গন কিম ইয়ং, উপ-প্রধানমন্ত্রী এবং সিঙ্গাপুরের বাণিজ্য ও শিল্প মন্ত্রীর নেতৃত্বে, আজ (13 আগস্ট, 2025) রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি, শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেন। ভারত-সিঙ্গাপুর মন্ত্রীস্তরীয় রাউন্ডটেবিল (ISMR) এর তৃতীয় বৈঠকের জন্য এই প্রতিনিধি দল দিল্লীতে উপস্থিত হয়েছে।

2. রাষ্ট্রপতি ভবনে প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি উল্লেখ করেন যে, এই অনিশ্চিত বিশ্বজনীন পরিবেশেও, ভারত-সিঙ্গাপুরের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব সমৃদ্ধ হচ্ছে। তিনি আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক প্রতিষ্ঠার 60তম বার্ষিকী উপলক্ষে এই বছরের শুরুতে রাষ্ট্রপতি থার্মান শন্সুগরত্নম-এর রাষ্ট্রীয় সফরের কথা স্মরণ করেন। তিনি বলেন, ISMR-এর মাধ্যমে সর্বোচ্চ স্তরে এই ধরনের নিয়মিত আলোচনা আমাদের বহুমুখী সম্পর্ককে ক্রমাগত গতি প্রদান করবে।

3. জম্মু ও কাশ্মীরে পহেলগামে নৃশংস হামলার পর সন্ত্রাসবাদের বিরুদ্ধে সিঙ্গাপুরের দৃঢ় অবস্থানের প্রশংসা করেন রাষ্ট্রপতি।

4. রাষ্ট্রপতি বলেন, সিঙ্গাপুর হল ভারতের 'অ্যাক্ট ইস্ট পলিসি', MAHASAGAR ভিশন এবং ইন্দো-প্যাসিফিক ভিশনের মূল অংশীদার। বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, সংস্কৃতি, শিক্ষা এবং জনগণের মধ্যে বিনিময়ের ক্ষেত্রে আমাদের শক্তিশালী অংশীদারিত্ব রয়েছে। তিনি বলেন যে, এটি সন্তুষ্টির বিষয় যে এই অংশীদারিত্ব এখন দক্ষতা, সবুজ অর্থনীতি এবং ফিনটেকের মতো সহযোগিতার উদীয়মান ক্ষেত্রগুলিতেও সম্প্রসারিত হচ্ছে।

নয়া দিল্লি

13 আগস্ট, 2025